**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**13 FEBRUARY 2025** **7:35AM**

==========================================================================

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা এডভান্টেজ আসামের দ্বিতীয় পর্বে বিনিয়োগকারীদের আকর্ষিত করার জন্য গতকাল সংগাপুরে উপ-প্রধানমন্ত্রী তথা বাণিজ্য ও শিল্প মন্ত্রী গেন য়ঙ য়ের সঙ্গে সাক্ষাৎ করেন । সাক্ষাৎকালে মূখ্যমন্ত্রী উদ্ভাবনমূখী অর্থনীতি , সেমি-কন্ডাক্টর ,দক্ষতা ও সবুজ শক্তির সহযোগীতার মাধ্যমে ভারত-এশিয়ান কৌশলগত অংশীদারিত্বে আসামের ভূমিকা নিয়ে আলোচনা করেন । মূখ্যমন্ত্রী শর্মা সিংগাপুরে একটি রোড শোয়ে অংশ নেন । দুশোরও অধিক ব্যাবসায়িক প্রতিষ্ঠানের প্রতিনিধির অংশ গ্রহণে এই রোড শোয়ে বিনিয়োগকারীরা ভারতের অর্থনৈতিক সম্ভাবনার ক্ষেত্রে আসামের ভূমিকাকে নিয়ে আগ্রহ প্রকাশ করেন । মূখ্যমন্ত্রী ব্যাক্তিগতভাবে প্রত্যেক সম্ভাব্য বিনিয়োগকারীকে এডভান্টেজ আসাম শীর্ষ সম্মেলনে অংশ নিয়ে রাজ্যে বিভিন্ন সুযোগের অন্বেষণ করার আমন্ত্রণ জানান ।

---

রাজ্যে আজ থেকে উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের পরীক্ষা শুরু হচ্ছে । এবছর মোট ৮৫৬ টি পরীক্ষা কেন্দ্রে ৩ লক্ষ ৬ হাজার ৮৪১ জন পরীক্ষার্থী এই পরীক্ষায় অবতীর্ণ হবে । এরমধ্যে ১ লক্ষ ৪৪ হাজার

৫০২ জন ছাত্র এবং ১ লক্ষ ৬২ হাজার ৪২৩ জন ছাত্রী রয়েছে । আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের সচিব নারায়ণ নাথ জানান যে উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের কলা শাখায় ২ লক্ষ ৩০ হাজার ৯১ জন , বিজ্ঞান শাখায় ৫৭ হাজার ৭শ ২৪ জন , বানিজ্য শাখায় ১৭ হাজার ৮শ ৬৯ জন এবং বৃত্তিমূলক শিক্ষায় ১ হাজার ২শ ৪১ জন পরীক্ষার্থী রয়েছে । বিদ্যালয় শিক্ষা পর্ষদের সচিব শ্রী নাথ জানান যে পরীক্ষা সমাপ্ত হওয়ার পর রাজ্যের মোট ৪৫ টি মূল্যায়ন কেন্দ্রে উত্তর পত্র মূল্যায়ন করা হবে ।

---

এদিকে আগামী ১৫ ই ফেব্রুয়ারী থেকে আরম্ভ হওয়া মাধ্যমিক পরীক্ষায় রাজ্যের ৯শ ৪৪ টি পরীক্ষা কেন্দ্রে মোট ৪ লক্ষ ২৯ হাজার ৪শ ৪৮ জন পরীক্ষার্থী পরীক্ষায় অবতীর্ণ হবে বলে শ্রী নাথ জানান । তিনি বলেন যে এবছর ৩১ টি অতিরিক্ত পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং ৪২ টি মূল্যায়ন কেন্দ্রে উত্তর পত্র মূল্যায়ন করা হবে । উল্লেখ্য উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষা এবং মাধ্যমিক পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত করার জন্য রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ রাজ্য সরকারের উচ্চপদস্থ আধিকারীকদের নিয়ে রাজ্য পর্যায়ের পর্যবেক্ষণ কমিটি এবং জেলা পর্যায়ের পর্যবেক্ষণ কমিটি গঠন করেছে । পরীক্ষাকেন্দ্রে মোবাইল ফোন সহ সবধরণের ইলেক্ট্রনিক সামগ্রী ব্যবহারের ওপর বাধা আরোপ করা হয়েছে । পরীক্ষাকেন্দ্রের পর্যবেক্ষক , নিরাপত্তা আধিকারীক , তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীরাও কোনধরণের ইলেক্ট্রনিক সামগ্রী ব্যবহার করতে পারবেন না । পরীক্ষার সময় যাতে কোনধরণের অপ্রীতিকর ঘটনা সংঘঠিত না

হয় তার প্রতি লক্ষ্য রেখে সংশ্লিষ্ট জেলার আয়ুক্তরা ভারতীয় ন্যায় সংহিতার ১৬৩ ধারার অধীনে বেশকিছু নিষেধাজ্ঞা আরোপ করেছেন । সেই অনুযায়ি পরীক্ষা কেন্দ্রের ১০০ মিটার ব্যাসার্ধের মধ্যে পরীক্ষার্থী ছাড়া অন্য লোকের প্রবেশ নিষেধ করা হয়েছে ।

---

রাজ্যের পশুপালন ও মৎস্য বিভাগের মন্ত্রী তথা হাইলাকান্দি জেলার অভিভাবক মন্ত্রী কৃষ্ণেন্দু পাল হাইলাকান্দি জেলার উন্নয়নমূলক কাজ দ্রুত শেষ করার নির্দেশ দিয়েছেন । গতকাল মন্ত্রী শ্রী পাল জেলা প্রশাসন আয়োজিত একটি পর্য্যালোচনা সভায় অংশ গ্রহন করে ৩১ ডিসেম্বরের মধ্যে সব প্রকল্পের কাজ শেষ করার নির্দেশ দিয়েছেন ।

মন্ত্রী শ্রী পাল সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে জানান যে ---------

বাইট

---

আজ বিশ্ব রেডিও দিবস । এ উপলক্ষ্যে আজ আকাশবাণী গুয়াহাটী কেন্দ্রে বিশেস কিছু কার্য্যসূচী গ্রহন করা হচ্চে ।

এবছর বিশ্ব রেডি ও দিবসের বিষয় হচ্ছে রেডিও ও জলবায়ু পরিবর্তন । জলবায়ু পরিবর্তন পৃথিবীতে যে নেতিবাচক প্রভাব ফেলছে , সেবিষয়ে সংবাদ ও প্রতিবেদনের সাহায্যে মানুষকে সচেতন করাই এই দিবস ও বিষয়ের গুরুত্ব প্রদান করাই হচ্ছে লক্ষ্য । উল্লেখ্য জাতি সংঘ ২০১২ সাল থেকে ১৩ই ফেব্রুয়ারীকে বিশ্ব রেডিও দিবস হিসেবে পালন করে আসছে ।

---

শিলচরের নাগরিক সমাজের পক্ষ থেকে এক প্রতিনিধি দল  সম্প্রতি পুলিশ সুপারের সঙ্গে সাক্ষাৎ করে শিলচর শহরের আইন-শৃংখলা পরিস্থিতি সহ চুরি-ছিনতাই-র ঘটনা বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ প্রকাশ করেছে । সংগঠনের পক্ষ থেকে এধরণের ঘটনা প্রতিরোধে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করতে গতকাল একটি স্মারক পত্র প্রদান করা হয়েছে  ।

---

আসামের নয়নমণি শইকিয়া অনন্য রেকর্ড সৃষ্টি করে ক্রমাগত ৫ টি জাতীয় ক্রীড়া প্রতিযোগিতায় স্বর্ণপদক জয় করেছেন । উত্তরাখন্ডের দেরাদূনে আয়োজিত ৩৮ তম জাতীয় ক্রীড়া সমারোহে মহিলাদের ল’নবলের ডাবলসে সোণার পদক অর্জন করে নয়নমণি এই কৃতিত্বের অধিকারী হয়েছেন । অনুরূপভাবে রাজ্যের অন্য আরেকজন ল’নবল খেলোয়াড় বনগীতা সর্বাধিক জাতীয় ক্রীড়ায় অংশগ্রহণ করার রেকর্ড সৃষ্টি করেছে । ২০০৭ সালে গুয়াহাটীতে অনুষ্ঠিত ৩৩ তম জাতীয় ক্রীড়ায় অংশ নিয়ে খেলোয়াড় জীবনের শুরু করা বনগীতা ক্রমান্বয়ে ৬ টি জাতীয় ক্রীড়ায় আসামের প্রতিনিধিত্ব করেছেন এবং প্রতিটি ক্রীড়ায় পদক অর্জন করতে সক্ষম হয়েছেন ।

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে খারিফ মরসুমে জেলার কৃষকদের উৎপাদিত ধান জেলার বাইরে সরবরাহ না করার ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে পুলিশ সুপারকে নির্দেশ দিয়েছেন । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে ২০২৫-২৬ খারিফ মরসুমে কৃষকদের কল্যানে রাজ্য সরকার থেকে ইতিমধ্যে ধান সংগ্রহের নূন্যতম সর্মথন মূল্য কুইন্টাল প্রতি ২হাজার তিনশ টাকা ধার্য্য করা হয়েছে । শ্রীভূমি জেলায় তিন হাজার মেট্রিক টন ধান সংগ্রহের লক্ষ্য মাত্রা ধার্য্য করা হয়েছে । ভারতীয় খাদ্য নিগম ও আসাম ফুড এন্ড সিভিল সাপ্লাই কর্পোরেশন লিমিটেডের মাধ্যমে ধান সংগ্রহ প্রক্রিয়া চলছে ।

উল্লেখ্য শ্রীভূমি জেলা থেকে সড়ক পথে রাজ্যের অন্যান্য জেলা ও বর্হি রাজ্যে সর্মথন মূল্য থেকে কম দামে ধান সরবরাহ করার বিষয়টি জেলা প্রশাসনের দৃষ্টিগোচর হয়েছে । জেলা প্রশাসন থেকে জেলার বাহিরে ধান সরবরাহ করার ক্ষেত্রে আগামী ৩১শে জুলাই পর্য্যন্ত নিষেধাজ্ঞা জারি করা হয়েছে ।

---